# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিসে উপস্থিত হয়ে যেখানে মজলিস শেষ হয়েছে সেখানে বসা

মজলিসে উপস্থিত হয়ে যেখানে মজলিস শেষ হয়েছে আপনি সেখানে বসে যান। সাহাবী জাবের বিন সামুরাহ (রাঃ) বলেন, ‘আমরা রাসুল (ﷺ)-এর মজলিসে এলে প্রত্যেকে সেখানে বসে যেত, যেখানে মজলিস শেষ হয়েছে।’[1] সুতরাং পিছনে এসে সামনে বসার চেষ্টা করতে গিয়ে অপরকে কষ্ট দেবেন না। সামনে এক-আধটুক ফাঁকা জায়গা থাকলেও লোকেদের গর্দান চিড়ে সামনে অগ্রসর হবেন না। যেহেতু এ সময় আপনার লোকেদের গর্দানে হাত দেওয়া এবং অনেকের গায়ে আপনার পা লেগে যাওয়াটা বেআদবের পরিচয়। আর সামনের ফাঁক বন্ধ করার দায়িত্ব হল সামনের লোকেদের। তাদের উচিত হল, নড়ে-সড়ে সামনে ঘেঁসে বসা।

ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২০৪২৩, আবূ দাঊদ হা/৪৮২৫, তিরমিযী হা/২৭২৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=8049

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন